Matured Technology

প্রতিষ্ঠানঃ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট

প্রযুক্তি উদ্ভাবনের সালঃ ২০১৬-২০১৮

প্রযুক্তির নাম	বিজেআরআই তোষা পাট-৬ এর কর্তণ বয়স নির্ণয়
প্রযুক্তির বৈশিষ্ট্য	১। সংক্ষিপ্ত সময়ে (১০৫ দিনে) আশানুরূপ পাটের ফলন পাওয়া যায়। ২। জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে ফসলের নিবীড়তা (Cropping intensity) বাড়ানো যায়। ৩। স্বল্প সময়ে অধিক মুনাফা অর্জন করা যায়।
প্রযুক্তির উপযোগিতা	- যারা বোরো ধানের পরে পাট চাষ করবেন এই প্রযুক্তি তাদের জন্য বেশ উপযোগী। - যেসব জায়গার ০৪ (চার) টি শস্যক্রম বা তদূর্দ্ধ অনুসরন করা হয় তাদের জন্য এটি বেশ ভাল একটি প্রযুক্তি। - এ পদ্ধতিতে অল্প জমিতে অধিক ফসল চাষ করে অধিক লাভবান হওয়া সম্ভব।
মাঠ পর্যায়ের তথ্য	-নাবীতে চাষের জন্য বিজেআরআই তোষা পাট-৬ খুবই উপযোগী জাত - বিজেআরআই সুপারিশকৃত পাট চাষ পদ্ধতি অনুসরন করে এই জাতের পাট চাষ করতে হবে। - দ্রুত বর্ধণশীল এই জাত বপন পরবর্তী ১০৫, ১২০ ও ১৩৫ দিনে আঁশের ক্ষেত্রে পরিসংখ্যানগত ভাবে একই ফলন (গাছপ্রতি প্রায় ২০ গ্রাম শুকনো ছাল) দেয়।
প্রযুক্তি হতে প্রাপ্তি	পূর্বে দ্রুত বর্ধিষ্ণু পাটের জাত আবাদের জন্য কৃষক অনেকাংশে বিদেশী জাতের উপর নির্ভর করত। বিজেআরআই তোষা পাট-৬, ১০৫ দিনে কাটলেও আঁশের ফলন (২.৭ টন/হেক্টর) ভালো পাওয়া যাবে। এতে করে এই পাট চাষী আগের চেয়ে কমপক্ষে ১৫ দিন আগে পাট কেটে পরবর্তী ফসল করতে পারবে ও প্রযোজ্য ক্ষেত্রে চার ফসলক্রম অনুসরণ করতে পারবে এবং বিদেশী জাতের জন্য কৃষকের নির্ভরশীলতা কমবে।







বিজেআরআই তোষা পাট-৬ এর কর্তণ বয়স নির্ণয়